

Date: 17.10.2026

Time: 1.30 PM

DEO :- KB

Desk in Charge:- SDG

Edit. & Compile : NBR

NRT : NBR

Announcement - আকাশবাণী/খবর পড়ছি

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাশিয়ার তেল ও প্রাকৃতিক গ্যাস ক্রয়ের জন্য ভারত ও চীনের ওপর চাপিয়ে দেওয়া ১শো শতাংশ শুল্ক ও একাধিক নিষেধাজ্ঞা তাঁদের জাতীয়স্বার্থে প্রত্যাহার করে নিয়েছেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প।
- ২) জাতীয় রাজধানীতে সাম্প্রতিক বিক্ষোভের কারণে বাণিজ্যিক ক্ষতি নিয়ে ব্যবসায়িক সংগঠনগুলি উদ্বেগ প্রকাশ করেছে।
- ৩) দিল্লির একটি আদালত, ২০১৮ সালে একটি মানহানির মামলায় ইউটিউবার ধ্রুব রাঠির বিরুদ্ধে জামিন যোগ্য গ্রেপ্তারির পরয়ানা জারি করেছে।
- ৪) দুর্গাপূজোর আজ সপ্তমী। নবপত্রিকা স্নানের পর সম্পন্ন হয়েছে সপ্তমী বিহিত পূজো। উৎসবের আমেজে ভাসছে, গোটা পশ্চিমবঙ্গ। #কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ পূজো পরিদর্শনে আজ রাতে কলকাতা আসছেন।
- ৫) বৃকে সংক্রমণ নিয়ে হাসপাতালে ভর্তি প্রবীণ বিজেপি নেতা লাল কৃষ্ণ আদবানী।
- ৬) ভারত ও ওয়েস্ট ইন্ডিজ, আজ পঞ্চম T-20 ক্রিকেট ম্যাচে পরস্পরের মুখোমুখি হবে।

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প রাশিয়ার তেল ও প্রাকৃতিক গ্যাস ক্রয়ের জন্য ভারত ও চীনের ওপর চাপিয়ে দেওয়া শুল্ক ও একাধিক নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নিয়েছেন। রাশিয়া ও ইরান নিষেধাজ্ঞা আইনের আওতায় শুল্ক সংক্রান্ত বিধান প্রয়োগের সিদ্ধান্ত আপাতত প্রত্যাহার করেছেন তিনি। এক নির্দেশিকায় ট্রাম্প জানিয়েছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থের কথা বিবেচনা করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ১৮ই সেপ্টেম্বর, সাক্ষরিত এই আইনের শুল্ক সংক্রান্ত বিধান কার্যকর হওয়ার মাত্র একদিন আগেই এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন ট্রাম্প।

উল্লেখ্য, সংশ্লিষ্ট আইনে, অপরিশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাসের ৫টি বৃহত্তম ক্রেতা-দেশের ওপর সর্বোচ্চ একশো শতাংশ শুল্ক আরোপের সংস্থান ছিল। পাশাপাশি, রাশিয়া থেকে আমদানি করা পণ্যের ওপর সর্বোচ্চ ৫০০ শতাংশ শুল্ক আরোপের বিধানও রাখা হয়েছিল। ট্রাম্প তাঁর নির্দেশিকায় আইনের ১১২ এবং ১১৩ নম্বর ধারায় উল্লেখিত বিধানগুলি পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত স্থগিত রেখেছেন।

এদিকে, আগামী ২০শে অক্টোবর মুম্বাই-ভারতের বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন, মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও। ভারত সফরকালে তাঁর গুজরাটের জামনগর তেল শোধনাগার পরিদর্শনেরও কথা রয়েছে।

অন্যদিকে, মার্কিন যুক্তরাষ্ট্রের, ডিজেলের দাম বৃদ্ধি এবং আগামী নভেম্বরে মিড-টার্ম নির্বাচনের আগে রাশিয়া ও আমেরিকার মধ্যে ডিজেল সরবরাহ সংক্রান্ত এই চুক্তি অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

জাতীয় রাজধানীতে সাম্প্রতিক বিক্ষোভের কারণে ব্যবসায়িক ক্ষতি নিয়ে বেশ কিছু ব্যবসায়ী, দোকানদার এবং বাজারের কর্মীরা উদ্বেগ প্রকাশ করেছেন।

নিউ দিল্লি ট্রেডার্স অ্যাসোসিয়েশনের সভাপতি অতুল ভার্গব বলেন,; যে সব ব্যবসায়ীরা বিপুল পরিমাণে বিনিয়োগ করে ফেলেছেন তাঁদের কাছে নবরাত্রি থেকে হোলি পর্যন্ত উৎসবের মরসুমটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই বিক্ষোভের ফলে দোকানে বিক্রি বাটা কমেছে।

(বাইট - অতুল ভার্গব)

বিকাশ মার্গ ট্রেডার্স অ্যাসোসিয়েশনের সভাপতি রাধেশ্যাম গুপ্ত বলেছেন যে, এই বিক্ষোভের কারণে দিল্লিতে দৈনন্দিন জীবনযাত্রা এবং ব্যবসা বাণিজ্য ক্রমাগত ব্যাহত হচ্ছে। একই সঙ্গে এই ক্রেতারা বাজারে আসতে দ্বিধাবোধ করছেন।

দিল্লির একটি আদালত, ২০১৮ সালে একটি মানহানির মামলায় ইউটিউবার ধ্রুব রাঠির বিরুদ্ধে জামিন যোগ্য গ্রেপ্তারির পরয়ানা জারি করেছে। আদালতের সমন পৌঁছে দিতে গিয়ে তাঁর বাড়ি তালাবন্ধ অবস্থায় থাকায় এই নির্দেশ দেয় আদালত। বিজেপির আই টি সেলের এক সদস্য সংশ্লিষ্ট মামলাটি দায়ের করেছিলেন। নিজের ইউটিউব চ্যানেলে আপলোড করা একটি ভিডিওকে কেন্দ্র করে মানহানির অভিযোগ দায়ের করা হয়। বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট রাহুল জৈন, এই গ্রেপ্তারি পরয়ানা জারি করেন। আগামী ৩১শে অক্টোবর মামলার পরবর্তী শুনানি।

শিশু কিশোরদের জন্য PM Cares প্রকল্পের আওতায় বৃত্তির সুবিধা লাভের ক্ষেত্রে আধার অথেনটিকেশন বা আধার নম্বর থাকার প্রমাণ, এবার থেকে বাধ্যতামূলক বলে সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। উল্লেখ্য শিশু ও কিশোরদের জন্য বিশেষ বৃত্তি মূলক প্রকল্প PM Caresএর মাধ্যমে প্রথম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সহায়তা দেওয়া হয়। অবশ্য বিজ্ঞপ্তিতে এ কথাও জানানো হয়েছে যে আধার সংখ্যা না থাকলেও কোনো শিশু কিশোরকে প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত করা হবে না। সেক্ষেত্রে বাবা, মা বা আইনি অভিভাবকের সঙ্গে শিশুর সম্পর্কের প্রামাণ্য নথি বিজ্ঞপ্তি অনুযায়ী পেশ করতে হবে।

প্রধানমন্ত্রী আবাস যোজনা শহরাঞ্চলীয় ২ নম্বর প্রকল্পের আওতায় পশ্চিমবঙ্গ সহ বেশ কয়েকটি রাজ্যে ১ লক্ষ ৯৩ হাজারের বেশি বাড়ি তৈরির অনুমতি দেওয়া হয়েছে। এর ফলে এই প্রকল্পে মোট ২০ লক্ষেরও বেশি বাড়ি তৈরির অনুমোদন দেওয়া হল।

নতুন দিল্লিতে গতকাল কেন্দ্রীয় অনুমোদন ও মনিটরিং কমিটির দশম বৈঠকের পরে আবাসন ও শহরাঞ্চলীয় দপ্তরের পক্ষ থেকে এই ঘোষণা করা হয়। শহরাঞ্চলীয় দপ্তরের সচিব সত্যেন্দ্র সিং, ওই বৈঠকে পৌরোহিত্য করেন।

নির্বাচন কমিশন (ইসিআই) ১৪টি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার একটি স্পেশাল সামারি রিভিশনের নির্দেশ দিয়েছে। আগামী বছরের ১লা জানুয়ারি থেকে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, আসাম, বিহার, ছত্তিশগড়, গোয়া, গুজরাট, কেরালা, লাক্ষাদ্বীপ, মধ্যপ্রদেশ, মণিপুর, পুদুচেরি, পাঞ্জাব, রাজস্থান, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড এবং পশ্চিমবঙ্গে এই প্রক্রিয়া শুরু হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, খসড়া ভোটার তালিকা চলতি বছরের ১২ই নভেম্বর প্রকাশ করা হবে এবং চূড়ান্ত তালিকা আগামী বছরের ৪ঠা জানুয়ারি প্রকাশিত হবে। যোগ্য নাগরিকরা আগামী মাসের ১২ তারিখ থেকে ১১ই ডিসেম্বর পর্যন্ত দাবি ও আপত্তি জানাতে পারবেন। এছাড়া, যারা ২০২৭ সালের ১লা এপ্রিল, ১লা জুলাই অথবা ১লা অক্টোবর ১৮ বছর পূর্ণ করবেন, তারা ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য আগেভাগেই আবেদন করতে পারবেন। ভোটারদের বিশেষ করে পরিয়াদী এবং প্রান্তিক জনগোষ্ঠীর—নাম নথিভুক্তকরণ প্রক্রিয়া সহজ করার লক্ষ্যে জেলা পর্যায়ে সহায়তা কেন্দ্র স্থাপন করা হবে।

দুর্গাপূজোর আজ সপ্তমী।

(ঢাক)

শারদীয়া দুর্গোৎসবের দ্বিতীয় দিনে সকাল থেকেই গঙ্গা সহ বিভিন্ন নদনদী ও জলাশয়ে চলে নবপত্রিকা স্নানের পর্ব। এখন মণ্ডপে মণ্ডপে নবপত্রিকা স্থাপনের পরে দেবী দুর্গার আবাহন ও প্রাণ প্রতিষ্ঠা হয়। এরপর চলে পুষ্পাঞ্জলী ও প্রসাদ বিতরণের পর্ব। আনন্দে ভাসছে গোটা পশ্চিমবঙ্গ। কলকাতার রাজপথে সকাল থেকেই জনজোয়ার। রেল, সড়ক, নদীপথে সর্বত্রই দর্শনার্থীরা কলকাতামুখী। ভীড় জমেছে রেস্টোরা ও সিনেমাহল গুলিতে।

নবরাত্রির সপ্তম দিনে দেবী আজ পূজিতা হচ্ছেন কালরাত্রি রূপে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , মা কালরাত্রির উদ্দেশে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি আশা প্রকাশ করেন, দেবী কালরাত্রি সকলের জীবনে নতুন আশা ও আস্থার বার্তা বহন করে আনবে। দেবীর কৃপা সকলের জীবনে সুখ ও সমৃদ্ধির বার্তা বহন করে আনবে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দুর্গাপূজো উপলক্ষে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। সকলের সুস্বাস্থ্যও কামনা করেছেন তিনি।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পূজো পরিদর্শনে আজ রাতে কলকাতায় আসছেন। বিজেপি সূত্রে জানা গেছে, তিনি আহমেদাবাদ বিমানবন্দর থেকে রওনা হয়ে রাত্রি আটটা দশ নাগাদ কলকাতায় এসে পৌঁছবেন। বিমানবন্দর থেকে আলিপুরে সৌজন্য বিশ্রাম গৃহে রাত্রি বাসের পর আগামীকাল সকালে স্বরাষ্ট্র মন্ত্রী যাবেন বেলুড় মঠে। সেখানে দুর্গা প্রতিমা দর্শন করে পূজো দেবেন।

এরপর হাওড়ার দেশবন্ধু ক্লাব, চেলার ২৪ পল্লী পূজা মন্ডপ, শোভাবাজার রাজবাড়ী এবং সবশেষে লেকটাউনে শ্রীভূমি দুর্গাপূজা মন্ডপ পরিদর্শন করবেন। আগামীকাল বিকেলেই শ্রী শাহ দিল্লী ফিরে যাবেন।

এদিকে, অমিত শাহের সফরকে ঘিরে শহরের নিরাপত্তা আরও জোরদার করা হয়েছে। কলকাতার একাধিক এলাকায় ঘোষণা করা হয়েছে 'নো ড্রোন' বা 'নো ফ্লাই জোন'। কলকাতা পুলিশের এক নির্দেশিকায় জানানো হয়েছে, আজ বিকেল ৪টে থেকে আগামীকাল সন্ধ্যা ৬টা অথবা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

পুলিশ কমিশনার অজয় নন্দের ঐ নির্দেশিকা অনুযায়ী, অমিত শাহের সফরসূচিতে অন্তর্ভুক্ত সৌজন্য বিশ্রাম গৃহ, শোভাবাজার রাজবাড়ি-সহ বিভিন্ন অনুষ্ঠানস্থল এবং যাতায়াতের পথে তিন কিলোমিটারের মধ্যে ৫০০ মিটার উচ্চতা পর্যন্ত ড্রোন, ইউএভি, বেলুন, গ্লাইডার, ছোট বিমান ও অনির্ধারিত উড়ান সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, পাঞ্জাবের মাদক সংক্রান্ত অভিযোগ এবং রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির ওপর এবং এর সম্ভাব্য প্রভাব নিয়ে উদ্বেগ প্রকাশ করে দুটি হত্যা ও এক ব্যক্তির আত্মহত্যার ঘটনায় রাজ্য সরকারের কাছ থেকে বিস্তারিত রিপোর্ট তলব করেছে। মন্ত্রক জানিয়েছে, এবিষয়ে পাঞ্জাব সরকারকে তিনটি পৃথক চিঠি দেওয়া হয়েছে। এর মধ্যে একটি চিঠিতে রাজ্যের মাদক দ্রব্য ও সাইকোট্রপিক পদার্থের অব্যবহারিক বিক্রি এবং অপব্যবহারের বিরুদ্ধে প্রচার চালানো এক সমাজকর্মীর হত্যাকাণ্ড সম্পর্কে তথ্য সহ রিপোর্ট চেয়েছে মন্ত্রক। এই ঘটনায় কি পদক্ষেপ নেওয়া হয়েছে তাও জানতে চাওয়া হয়েছে। পাশাপাশি, কেন্দ্রীয়

স্বরাষ্ট্রমন্ত্রী মাদক নিয়ন্ত্রণ সংক্রান্ত ভিশন ডকুমেন্ট বাস্তবায়নে পাঞ্জাব সরকার কি উদ্যোগ নিয়েছে তার রিপোর্টও চাওয়া হয়েছে। অপর দুটি চিঠিতে, গুরদাসপুর জেলার মাড়ি ও পানওয়ান গ্রামে তিন ব্যক্তির ওপর হামলা এবং মাদকাসক্তি সমস্যায় ভুগতে থাকা এক যুবকের বাবার আত্মহত্যার ঘটনা সম্পর্কে রিপোর্ট চেয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক।

প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আদবানিকে অ্যাপোলো হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতাল সূত্রে দেওয়া এক বিবৃতিতে জানানো হয়েছে, তাঁর বুকে সংক্রমণ রয়েছে। বরিষ্ঠ স্নায়ুরোগ বিশেষজ্ঞ ডক্টর বিনীত সুরির তত্ত্বাবধানে তিনি আইসিইউ-তে ভর্তি রয়েছেন। শ্রী আদবানীর শারীরিক অবস্থা আপাতত স্থিতিশীল। তবে তাঁকে কড়া পর্যবেক্ষণে রাখা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ ওড়িশা ছাত্র সংসদ নির্বাচনে জয়লাভ করার জন্য অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদকে অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেন ,ওড়িশার তেরোটি বিশ্ব বিদ্যালয় সহ পাঞ্জাব ও দিল্লি বিশ্ব বিদ্যালয়ে এ বি ভি পির জয় স্পষ্ট বার্তা দিয়েছে রাষ্ট্রই সর্বপ্রথম। এই জয় হলো দেশবিরোধী শক্তির প্রতি তরুণ প্রজন্মের এক জোরালো জবাব।

ভারত ও ওয়েস্ট ইন্ডিজ আজ পঞ্চম টি টোয়েন্টি ক্রিকেট ম্যাচে পরস্পরের মুখোমুখি হবে। বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে খেলা শুরু সন্ধ্যা সাতটায়।

পাঁচ ম্যাচের সিরিজের ফলাফল এখন ২-২ । সিরিজ জিততে হলে ভারতকে এই ম্যাচ জিততেই হবে।

এদিকে চোটের কারণে এই ম্যাচে অর্শদীপ সিং খেলতে পারবেন না। তাঁর জায়গায় ভারতীয় দলে এসেছেন ভুবনেশ্বর কুমার।
